মেহেরপুরে পিকেএসএফ ও ডিবিএস এর যুব দিবস উদযাপন

মেহেরপুরে বর্ণাঢ্য র্যালির মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন করা হয়েছে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) -এর আর্থিক সহায়তায় এবং দারিদ্র বিমোচন সংস্থা (ডিবিএস)’র বাস্তবায়িত “রিকভারি এন্ড অ্যাডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট” (রেইজ) প্রকল্পের আওতায় এই দিবসটি উদযাপন করা হয়।

র্যালিটি সকাল সাড়ে ১০টার দিকে জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ কার্যালয়ে গিয়ে শেষ হয়।

র্যালিতে উপস্থিত ছিলেন, প্রকল্পের সমন্বয়কারী মোঃ হারুন অর রশীদ, অফিসার (এলএসইডি) মোঃ মোফাজ্জেল হোসেন (লিমন), সিএমও মোঃ শাহিন আলী, এও মোঃ জয়নুল আবেদীন প্রমুখ।

এছাড়াও রেইজ প্রকল্পের শিক্ষানবিশ, প্রধান সদস্য, তরুণ উদ্যোক্তা, ডিবিএস ও রেইজ প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীরা এতে অংশ নেয়।

মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অফিসের উদ্যোগে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বর্ণাঢ্য র্যালি শেষে সকাল ১১টায় উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালীতে দি

হাঙ্গার প্রজেক্টসহ (ওয়াইপিএজি) বিভিন্ন যুব সংগঠন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে যুবক-যুবতীদের শপথ পাঠ করান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন। সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাচন অফিসার নুরুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহামুদুল হাসান, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই কামরুজ্জামান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

অনুষ্ঠানে উপজেলার ২২ জন প্রশিক্ষিত যুব-যুবতীর মাঝে ১৯ লাখ ২০ হাজার টাকার ঋণের চেক প্রদান করা হয়। পাশাপাশি যুব সংগঠন নিবন্ধন সনদও বিতরণ করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা যুব উন্নয়ন সহকারী কর্মকর্তা জাফর ইকবাল।

ফেব্রুয়ারিতে নির্বাচনের জন্য প্রস্তুত বাংলাদেশ: প্রধান উপদেষ্টা

বাংলাদেশ আগামী বছরের ফেব্রুয়ারির মাঝামাঝি সময়ে জাতীয় নির্বাচন আয়োজনের জন্য প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস।

আজ মঙ্গলবার সকালে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহীমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক শেষে এক যৌথ ব্রিফিংয়ে ড. ইউনূস একথা জানান।

ড. ইউনূস বলেন, ২০২৬ সালের ফেব্রুয়ারির মাঝামাঝি সময়েই বাংলাদেশে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। সে অনুযায়ী প্রস্তুতি চলছে।
বৈঠক শেষে যৌথ ব্রিফিংয়ে মালয়েশিয়ান ব্যবসায়ীদের উদ্দেশে প্রধান উপদেষ্টা বলেন, বাংলাদেশে বিনিয়োগের বড় সুযোগ রয়েছে। এখানে

সম্ভাবনা অপার। বিনিয়োগের পরিবেশ এখন অনেক স্থিতিশীল এবং ব্যবসাবান্ধব।

রোহিঙ্গা সংকট নিয়েও এই ব্রিফিংয়ে কথা বলেন ড. ইউনূস। তিনি বলেন, রোহিঙ্গা ইস্যুটি বাংলাদেশের জন্য একটি বড় ধরনের মানবিক ও রাজনৈতিক সংকট। এই সংকট সমাধানে আঞ্চলিক সংগঠন আসিয়ানের সহায়তা প্রয়োজন। তিনি আশা প্রকাশ করেন, আসিয়ান ভূমিকা রাখবে এই সমস্যার টেকসই সমাধানে।

এর আগে সকাল ১০টায় পুত্রাযায়ায় মালয়েশিয়ার প্রশাসনিক ভবনে আনুষ্ঠানিক বৈঠকে বসেন ড. মুহাম্মদ ইউনূস ও আনোয়ার ইব্রাহীম। বৈঠকে দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

বৈঠক শেষে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে মোট পাঁচটি সমঝোতা স্মারক সই হয়। এসব চুক্তি বিভিন্ন খাতে সহযোগিতা বাড়ানোর উদ্দেশ্যে সই করা হয়। এর মধ্যে রয়েছে— প্রতিরক্ষা, শ্রমবাজার, জ্বালানি, বিদ্যুৎ এবং রোহিঙ্গা সংকট নিয়ে সহযোগিতা। এছাড়াও তিনটি নোট অব এক্সচেঞ্জ সই হয়েছে।

প্রধান উপদেষ্টার এই তিন দিনের সফরের এটি ছিল প্রথম দিনের কর্মসূচি। সফরের বাকি সময়জুড়ে তিনি মালয়েশিয়ার ব্যবসায়ী প্রতিনিধি, প্রবাসী বাংলাদেশি এবং নীতিনির্ধারকদের সঙ্গে একাধিক বৈঠকে অংশ নেবেন।

সূত্র: যুগান্তর

অবৈধ অস্ত্রে আতঙ্ক

এখনো হদিস নেই পুলিশের লুট হওয়া ১ হাজার ৪০৫ অস্ত্র, আড়াই
লাখ গুলির
সহস্রাধিক লাইসেন্স করা অস্ত্রও অপরাধীদের হাতে, খুনাখুনি-দস্যুতায় থমথমে দেশ

পেশায় কসাই ছিলেন। ৩১ মে ককটেল বিস্ফোরণ ও গুলিতে মারা যায় রাসেল নামের এক শিশু।

সূত্র : কালের কন্ঠ

দর্শকদের যে ফিডব্যাক পেয়েছি, সেটা ফ্যান্টাস্টিক: সিয়াম

ঈদে মুক্তি পাওয়া ‘তাণ্ডব’ সিনেমার মধ্য দিয়ে আলোচনায় আসেন অভিনেতা সিয়াম আহমেদ। যে সিনেমায় ক্যামিও চরিত্রে ‘আরমান মনসুর’ হিসেবে দেখা যায় তাকে। স্বল্প উপস্থিতির একটি চরিত্র দিয়ে যে ব্যাপকভাবে সিয়াম সিনেমাপ্রেমী দর্শকদের নজর কেড়েছেন, তা অবিশ্বাস্য।

সাধারণত খলচরিত্রে সিয়ামকে দেখা যায় না, তাই ‘আরমান মনসুর’-এর মতো একটি চরিত্র রীতিমতো সবাইকে চমকে দেয়। দর্শকরাও দেখে অবাক। সাদা একচোখা ভয়ঙ্কর লুকে ধরা দেন সিয়াম; মানুষরূপী অমানুষেরা দেখতে যেমন হয়, ঠিক সেই রূপে দশর্কদের মাত করে দেন তিনি।

তাণ্ডব সিনেমা স্বল্প চরিত্রের হলেও সিয়ামের এ সোয়াগ একরকম ঝড় তোলে দর্শকদের মাঝে। তাই নির্মাতা রায়হান রাফীর কাছেও আবদার রাখেন এমন এক চরিত্র নতুন কিছু করতে। রাফী আশাও দিয়েছিলেন। তবে একই প্রশ্ন ছোড়া হয় সিয়ামের কাছেও।

সম্প্রতি একটি অনুষ্ঠানে সিয়াম বলেন, ‘আমার মনে হয়েছিল, এই রকম ক্যারেক্টারকে মানুষ কেন ভালোবাসবে? তবে হ্যাঁ, এই ক্যারেক্টারের অন্যরকম একটা সোয়াগ রয়েছে। আরমান মনসুর থেকে দর্শকদের যে ফিডব্যাক পেয়েছি, সেটা ফ্যান্টাস্টিক।’

তিনি বলেন, ‘ডিরেক্টর শুরুতে জানান— আরমান মনসুর শুধু ঝলক দেখাতে আসেনি। দর্শকদের যদি পরে আরমান মনসুরের পূর্ণাঙ্গ কোনো কাজ আসে, তাহলে তাণ্ডব হচ্ছে সেটার একটা ট্রেলার বা টিজার।

আগামীতে ‘আরমান মনসুর’ থেকে নতুন কোনো কাজ আসতে পারে সেই

ইঙ্গিত সিয়ামের এ উত্তর খানিকটা আভাস দেয়। সিয়াম আরও বলেন, এরপর মনসুর কী করে সেটি জানার জন্য আমি অনেক বেশি আগ্রহী।

সূত্র: যুগান্তর ।

দিল্লি, কাঁপালো ইন্ডিয়া জোট, পুলিশের জালে ১০০ এমপি

দিল্লির রাজপথে এমন দৃশ্য দেখা গেল যা বহুদিনের রাজনৈতিক ইতিহাসে বিরল। সংসদ ভবনের মকর দ্বার থেকে শুরু হওয়া ইন্ডিয়া জোটের এমপিদের পদযাত্রা জাতীয় নির্বাচন কমিশনের সদর দফতরে পৌঁছানোর আগেই দিল্লি পুলিশের ব্যারিকেডে থমকে গেল এবং শেষমেশ তা পরিণত হল এক ব্যাপক গ্রেফতার অভিযানে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়াকে বিরোধীরা ‘ভোটাধিকার খর্বের চক্রান্ত’ বলে আখ্যা দিয়ে সংসদ চত্বরে জমায়েত হয়েছিলেন কংগ্রেস, তৃণমূল, সমাজবাদী পার্টি, শিবসেনা, ডিএমকে সহ ইন্ডিয়া জোটের প্রায় সব সদস্যদলের সাংসদরা। জাতীয় সঙ্গীত গেয়ে, হাতে পোস্টার নিয়ে তারা স্লোগানে স্লোগানে পরিবহণ ভবনের দিকে এগোতে থাকেন। পথে মহুয়া মৈত্র ও সুস্মিতা দেব ব্যারিকেডের উপর উঠে স্লোগান দেন, অখিলেশ যাদব তা লঙ্ঘন করে এগিয়ে যান, অন্যরা চেষ্টা করলেও পুলিশ চারদিক থেকে ঘিরে ফেলে।

মুহূর্তের মধ্যে রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, সঞ্জয় রাউত, তৃণমূলের সুজাতা ঘোষসহ প্রায় ১০০ জনকে আটক করে পুলিশ, বাসে তুলে নিয়ে যাওয়া হয় পার্লামেন্ট স্ট্রিট থানায়।

এ সময় রাহুল গান্ধী বলেন, “এটা আমাদের গণতান্ত্রিক অধিকার, আমরা ভোটার তালিকার সুষ্ঠুতা চাই, সরকারের অন্যায় মানি না।” প্রিয়াঙ্কা গান্ধীর ভাষায়, “সরকার ভীত, ওরা জানে মানুষ আর চুপ থাকবে না।”

মল্লিকার্জুন খার্গে জানান, “SIR প্রক্রিয়া অগণতান্ত্রিক,

বিরোধী ভোটারদের বাদ দেওয়ার ষড়যন্ত্র।”
শশী থারুরও প্রশ্ন তোলেন, নির্বাচন কমিশনের নীরবতা কি তাদের পক্ষপাতের প্রমাণ নয়?

পুলিশের বক্তব্য, এই পদযাত্রার জন্য অনুমতি ছিল না, এবং অনুমতিপ্রাপ্ত ৩০ জনের বদলে শতাধিক সাংসদ ও নেতা রাস্তায় নেমেছেন, যা আইনশৃঙ্খলার জন্য ঝুঁকিপূর্ণ। বিকেল নাগাদ কিছু আটক নেতাকে ছেড়ে দেওয়া হলেও রাহুল, প্রিয়াঙ্কা, অখিলেশদের মুক্তি পাওয়ার সময় নিয়েই বিভ্রান্তি ছিল।

এই বিক্ষোভে দেশের অন্যান্য বিরোধী নেতারাও সোচ্চার হয়েছেন এবং আন্তর্জাতিক সংবাদমাধ্যমে ভারতের গণতান্ত্রিক প্রক্রিয়ার অবস্থা নিয়ে বিশ্লেষণ শুরু হয়েছে। নির্বাচন কমিশন এখনও কোনও মন্তব্য করেনি, যা বিরোধীদের আরও ক্ষুব্ধ করেছে।

সমর্থকরা বলছেন, এই লড়াই কেবল SIR নয়, দেশের ভোটাধিকার রক্ষার লড়াই—আর আজ দিল্লির রাজপথে তারই বিস্ফোরণ দেখা গেল।

৩০ জেলায় বড় ধরনের বন্যার আভাস

কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের আবহাওয়া ও জলবায়ুবিষয়ক গবেষক মোস্তফা কামাল পলাশ জানিয়েছেন, চলতি মাসের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের মধ্যে দেশে বড় ধরনের বন্যা হতে পারে। তার মতে, বিগত ৫ বছরের মধ্যে বাংলাদেশ হয়তো সবচেয়ে ভয়াবহ বন্যার শিকার হতে যাচ্ছে এবার।

আজ সোমবার দুপুরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড আইডি থেকে দেওয়া এক পোস্টে এমন আশঙ্কার কথা জানিয়েছেন এ আবহাওয়াবিদ।

পোস্টে মোস্তফা কামাল পলাশ লেখেন, বাংলাদেশে একটি বড় মানের বন্যার আশঙ্কা করা যাচ্ছে আগস্ট-সেপ্টেম্বর মাসে। বাংলাদেশে বর্ষাকালের প্রকৃত একটি বন্যার আশঙ্কা করা যাচ্ছে। ২০২০ সালের পরে প্রকৃতপক্ষে দেশব্যাপী বড় কোনো বন্যা হয়নি। ২০২২ সালে

সিলেট বিভাগে ও ২০২৪ সালে চট্টগ্রাম বিভাগে যে বন্যা হয়েছিল, তা ছিল ফ্লাশ-ফ্লাড বা পাহাড়ি ঢল।

তিনি লেখেন, বর্ষাকালের স্বাভাবিক বন্যা বলতে বুঝানো হয় ভারতের গঙ্গা নদী অববাহিকা হয়ে বাংলাদেশের পদ্মা নদীর মধ্যে প্রবেশ করে উপকূলবর্তী জেলাগুলো প্লাবিত হওয়া। একইভাবে তিস্তা-ব্রহ্মপুত্র-যমুনা নদীর উপকূলবর্তী জেলাগুলোর বিস্তীর্ণ এলাকা প্লাবিত হওয়া। কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের এই আবহাওয়া ও জলবায়ুবিষয়ক গবেষক আরও লিখেন, আশঙ্কা করা যাচ্ছে ২০২৫ সালের এ বন্যায় পদ্মা, তিস্তা, ব্রহ্মপুত্র ও যমুনা নদীর তীরবর্তী ২০ থেকে ৩০টি জেলা প্লাবিত হতে পারে। সম্ভাব্য এ বন্যাটি আগস্ট মাসের ১৫ তারিখের পর থেকে সেপ্টেম্বর মাসের ১০ তারিখের মধ্যে পদ্মা, যমুনা, তিস্তা নদী ও ব্রহ্মপুত্র নদের তীরবর্তী জেলাগুলোর ওপর দিয়ে অতিক্রমের আশঙ্কা করা যাচ্ছে। আমি মনে-প্রাণে চাইব আমার পূর্বাভাসটি ভুল প্রমাণিত হোক ও বাংলাদেশের মানুষ কোনো বড় মানের বন্যার সম্মুখীন না হোক।

এ ছাড়াও পোস্টের শেষদিকে ‘বিশেষ দ্রষ্টব্যের’ অংশে দেশে বড় ধরনের বন্যার আশঙ্কার সাপেক্ষে তথ্য প্রমাণসহ যুক্তি উপস্থাপন করে ‘আবহাওয়া ডট কম’ ওয়েবসাইটে প্রকাশিত গবেষণাধর্মী একটি পোস্টের কথাও জানিয়েছেন তিনি।

সূত্র: যুগান্তর

ডেঙ্গুতে একজনের মৃত্যু, আক্রান্ত ৪৩৪

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও একজনের মৃত্যু হয়েছে। একই সময়ে আরও ৪৩৪ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। আজ সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গু বিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, রোববার (১০ আগস্ট) সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি

বছর ডেঙ্গুতে মোট ১০২ জন মারা গেলেন।

হাসপাতালে ভর্তি হওয়া রোগীর মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৬২ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৬৭ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৭৮ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ৩৯ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ৯৩ জন, খুলনা বিভাগে ৩২ জন, ময়মনসিংহ বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৮ জন, রাজশাহী বিভাগে ৫৩ জন ও সিলেট বিভাগে ২ জন রয়েছেন।

২০২৩ সালে দেশের ইতিহাসে ডেঙ্গুতে সর্বোচ্চ ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন রোগী আক্রান্ত এবং ১ হাজার ৭০৫ জনের মৃত্যু হয়।

সূত্র: যুগান্তর

নির্বাচনে ৮০ হাজারের বেশি সেনা সদস্য মোতায়েন থাকবে: স্বরাষ্ট্র উপদেষ্টা

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ৮০ হাজারের বেশি সেনা সদস্য মোতায়েন করা হবে। এ ছাড়া নির্বাচন চলাকালীন সময় নিরাপত্তায় পুলিশ, র্যাব ও বিজিবি সদস্যরাও মাঠে থাকবেন।

আজ সোমবার (১১ আগস্ট) র্যাব-১০ সদর দপ্তর, কেন্দ্রীয় কারাগার ও তেঘরিয়া উচ্চবিদ্যালয়ের ভোটকেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘আগে প্রতি কেন্দ্রে দুজন আনসার সদস্য দায়িত্ব পালন করতেন।

এবার প্রিসাইডিং কর্মকর্তার নিরাপত্তা জোরদারে অতিরিক্ত একজন অস্ত্রধারী আনসার সদস্য নিয়োজিত থাকবেন।’
তিনি আরো বলেন, ‘দেশের গণমাধ্যম সঠিকভাবে দায়িত্ব পালন করায়

প্রতিবেশী কিছু দেশের মিথ্যা সংবাদ প্রচার বন্ধ হয়ে গেছে। টাকার প্রলোভনে জুলাই-আগস্ট মাসে বহু নিরপরাধ মানুষের নামে মামলা হয়েছে। নিরীহ মানুষ যেন আইনের ফাঁদে না পড়ে, সে বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সচেষ্ট রয়েছে।

কেউ ব্যক্তিগত স্বার্থে অন্যকে হয়রানি করতে পারবে না।’ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উপদেষ্টা বলেন, ‘গত বছরের তুলনায় পরিস্থিতি অনেকটা উন্নত হয়েছে। এবার নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ভোটকেন্দ্রে বডি-অর্ন ক্যামেরা বসানো হবে। তরুণ ভোটারদের জন্য বিশেষ বুথ, নারী ও পুরুষের জন্য আলাদা বুথের ব্যবস্থাও থাকবে।

’

এর আগে তিনি র্যাব-১০ সদর দপ্তর ও কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করে বন্দিদের খাওয়াদাওয়া ও জীবনযাত্রা পর্যবেক্ষণ করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা দেন।

বাসস্ট্যান্ড ও টেম্পোস্ট্যান্ড দখল এবং চাঁদাবাজির অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, ‘চাঁদাবাজি যে-ই করুক, তাকে আইনের আওতায় আনা হবে। ইতিমধ্যে অনেককে গ্রেপ্তার করা হয়েছে।’

এ সময় উপস্থিত ছিলেন কেরানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা রিনাত ফৌজিয়া, কেরানীগঞ্জ রাজস্ব সার্কেল দক্ষিণের সহকারী কমিশনার (ভূমি) শেখ আব্দুল্লাহ আল মামুন, ঢাকা জেলার পুলিশ সুপার মো. আনিসুজ্জামান, কেরানীগঞ্জ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. জাহাঙ্গীর আলম এবং র্যাব-১০ এর অধিনায়ক মো. কামরুজ্জামান প্রমুখ।

সূত্র: কালের কন্ঠ ।

অতিরিক্ত আইজি হলেন পুলিশের ৭

[redacted]

[redacted] [redacted] [redacted] [